## Course Outcomes (CO) and Programme Outcomes (PO) of 2 Year M.A. in Bengali under CBCS

### Year of Introduction: 2021

## Course Outcomes (CO)

সহস্রাধিক বছরের ঐতিহ্যে পরিপূর্ণ বাংলা ভাষা পশ্চিমবঙ্গের মাতৃভাষা। বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর পাঠক্রমের মাধ্যমে বাংলা ভাষা ও বাঙালি সংস্কৃতির বিভিন্ন দিকগুলিকে অনুপুঙ্খভাবে অধ্যয়ন করা যেমন সম্ভব হবে, তেমন অপরাপর ভাষা-সংস্কৃতির সঙ্গে সংযোগের ফলে বাংলা ভাষা ও সাহিত্যের আজকের রূপটি কীভাবে গড়ে উঠল তাও জানা সম্ভব হবে। এই লক্ষ্যে CBCS পদ্ধতিতে বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ক স্নাতকোত্তর পর্যায়ভুক্ত কোর্সগুলিকে কয়েকটি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে, যথা— Discipline Centric Core Course (CC), Discipline Specific Elective (DSE), Project and Dissertation (PRJ), Generic Elective (GE).

### 1. Discipline Centric Core Course (CC)

1st Semester

Course Code: **BNGPGCCT01**

Course Title: **প্রাগাধুনিক বাংলা সাহিত্য-সংস্কৃতি**

এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা প্রাক্-প্রাচীন ও প্রাচীন যুগের বঙ্গসংস্কৃতি, বাংলা সাহিত্যের ইতিহাসের যুগবিভাগ এবং প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের বিভিন্ন শাখা সম্পর্কে ঐতিহাসিক দৃষ্টিভঙ্গিতে জ্ঞান অর্জন করতে পারবে। নবম-দশম থেকে অষ্টাদশ শতক পর্যন্ত আর্থ-সামাজিক-ধর্মীয়-সাংস্কৃতিক প্রেক্ষাপট ও সাহিত্যে তার প্রভাব সম্পর্কে তাদের ধারণা স্পষ্ট ও গভীর হয়ে উঠবে।

Course Code: **BNGPGCCT02**

Course Title: **প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ-১**

এই কোর্সে প্রাচীন ও আদি-মধ্যযুগের বাংলা সাহিত্যের কয়েকটি নির্বাচিত টেক্সট পাঠ্য, যথা— চর্যাগীতি, শ্রীকৃষ্ণকীর্তন, ইউসুফ জোলেখা, কৃত্তিবাসী রামায়ণ। মধ্যযুগের বিভিন্ন সময় ও সাহিত্যশাখা থেকে নির্বাচিত এই টেক্সটগুলির নিবিড় পাঠের মাধ্যমে শিক্ষার্থী তৎকালীন আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় দৃষ্টিভঙ্গি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারবে। তার বিশ্লেষণাত্মক মনোভাব উৎসাহিত হবে।

Course Code: **BNGPGCCT03**

Course Title: **প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ-২**

এই কোর্সে শিক্ষার্থী পাঠ করবে ষোড়শ থেকে অষ্টাদশ শতাব্দীর মধ্যে রচিত চৈতন্যচরিত, মঙ্গলকাব্য, ইসলামি সাহিত্য ও প্রণয়োপাখ্যান/ পূর্ববঙ্গ গীতিকা থেকে নির্বাচিত কিছু গ্রন্থ। এর মাধ্যমে শিক্ষার্থী তৎকালীন আর্থ-সামাজিক,

সাংস্কৃতিক ও ধর্মীয় দৃষ্টিভঙ্গি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারবে। সমাজ ও সাহিত্যের সম্পর্কটিও তার সামনে পরিস্ফুট হবে। মধ্যযুগের শেষলগ্নে যুগসন্ধির আর্থ-সামাজিক-রাজনৈতিক স্বরূপ সম্পর্কে তার বোধ পরিপুষ্ট হবে।

Course Code: **BNGPGCCT04**

Course Title: **আধুনিক বাংলা সাহিত্য-সংস্কৃতি**

এই কোর্সের লক্ষ্য ঔপনিবেশিক আধুনিকতার অভিঘাতে কীভাবে প্রাগাধুনিক সাহিত্যের বিষয় এবং আঙ্গিক বদলে গেল তা অনুধাবন করা। এর ফলে শিক্ষার্থীরা সংস্কৃতির সঙ্গে সাহিত্যের যোগসূত্র বুঝতে পারবে। উনিশ শতকের সমাজ-সংস্কার আন্দোলনসমূহ কীভাবে সাহিত্যকে প্রভাবিত করেছিল সে-সম্পর্কে তাদের ধারণা গড়ে উঠবে। মুদ্রণ সংস্কৃতি প্রচলনের যুগে বাংলায় যে সংরূপগুলি গড়ে উঠেছে, যেমন— গদ্য ও প্রবন্ধসাহিত্য, উপন্যাস, ছোটোগল্প, গীতিকবিতা, সাহিত্যিক মহাকাব্য, নাটক ইত্যাদির ধারা উনিশ-বিশ শতকের প্রেক্ষাপটে সুব্যক্ত হবে।

Course Code: **BNGPGCCT05**

Course Title: **বাংলা কাব্য-কবিতা**

আধুনিক বাংলা কাব্য-কবিতা ঔপনিবেশিক আধুনিকতার দ্বারা গভীরভাবে প্রভাবিত। উনিশ শতকের যুগন্ধর কবি মাইকেল মধুসূদন দত্তের অনন্য সৃষ্টি 'মেঘনাদবধ কাব্য' তার অভিনবত্বের গুণে কালজয়ী হতে পেরেছে; এই কাব্যটি পাঠের মাধ্যমে বাংলা কাব্যে আধুনিকতার দিকগুলি চিহ্নিত করতে পারবে ছাত্রছাত্রীরা। উনিশ শতকে আখ্যানকাব্য-মহাকাব্যের ধারার পাশাপাশি রোম্যান্টিক গীতিকবিতার সূচনা হয়েছিল। উনিশ শতকের নির্বাচিত গীতিকবিতা পাঠ করে অন্য একটি কাব্যাদর্শকে অনুধাবন করতে পারা সম্ভব হবে। বিশ শতকে স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী কবিতা পাঠ করে শিক্ষার্থীরা বিষয়গত অভিনবত্ব, ছন্দ-অলংকার-চিত্রকল্পজনিত কলানৈপুণ্য, কাব্যজগতে নবনিরীক্ষার প্রবণতা, যুগপ্রেক্ষাপটকে আত্মস্থ করে কবিতার আঙ্গিক ও কাব্যভাষার বদল প্রভৃতির পরিচয় লাভ করবে। সর্বোপরি কবিতার কালক্রমভিত্তিক এই পরিক্রমায় ছাত্রছাত্রীদের সাহিত্যবোধ সমুন্নত হবে।

## 2nd Semester

Course Code: **BNGPGCCT06**

Course Title: **বাংলা গদ্য ও প্রবন্ধ**

এই কোর্সটি শিক্ষার্থীদের যুক্তিক্রম, ভাষ্য, ব্যক্তিনিষ্ঠ ও বস্তুনিষ্ঠ চিন্তাচেতনার প্রকাশ হিসেবে বাংলা গদ্যের উদ্ভব ও ক্রমবিকাশের ধারাটিকে জানতে সাহায্য করবে। উনিশ শতকের মধ্যভাগ থেকে স্বাধীনতা-পূর্ব সময় পর্যন্ত গদ্যসাহিত্যের ফর্ম নিয়ে বিবিধ পরীক্ষা-নিরীক্ষা ও চিন্তকদের মানস-প্রবণতা সম্পর্কে তাদের বোধ গড়ে উঠবে।

Course Code: **BNGPGCCT07**

Course Title: **বাংলা নাটক**

এই কোর্সে ছাত্রছাত্রীরা নাটক-প্রহসনের বিভিন্ন আঙ্গিকের সঙ্গে প্রত্যক্ষত পরিচিত হবে, যেমন— ঐতিহাসিক/ পৌরাণিক নাটক, সামাজিক নাটক, একাঙ্ক নাটক, জীবনীনাট্য প্রভৃতি। নাটকের প্রেক্ষাপটে সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক দিকগুলিকেও তারা চিহ্নিত করতে পারবে। সামাজিক-সাংস্কৃতিক আন্দোলনের সঙ্গে যুক্ত নাট্যকলা অর্থাৎ

গণনাট্য ও নবনাট্য সম্পর্কে তাদের জ্ঞান প্রসারিত হবে। পাশাপাশি নাটকের মঞ্চায়ন সম্পর্কেও তাদের ধারণা তৈরি হবে।

Course Code: **BNGPGCCT08**

Course Title: **বাংলা কথাসাহিত্য**

এই কোর্সের মাধ্যমে উপন্যাসের বিভিন্ন বৈশিষ্ট্য ও আঙ্গিক সম্পর্কে শিক্ষার্থীদের প্রত্যক্ষ জ্ঞান নির্মিত হবে। এখানে পড়ানো হবে উনিশ ও বিশ শতকের একটি করে উপন্যাস। উপন্যাস পাঠের মাধ্যমে উনিশ বিশ শতকের সামাজিক-রাজনৈতিক ঘটনাবলি, ব্যক্তি ও সমাজের দ্বন্দ্ব, মনস্তাত্ত্বিক দিক, আর্থ-সামাজিক পরিস্থিতিতে মানুষের অসহায়তা, পরিবেশগত ভাবনা, তৎকালীন সমাজে নারীর অবস্থান, আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিসরে মানুষের অস্তিত্ব রক্ষার সংগ্রাম ইত্যাদি সম্পর্কে ছাত্রছাত্রীদের বোধ জাগ্রত হবে। বাংলা ছোটোগল্পের বিস্তীর্ণ ধারায় উনিশ-বিশ শতকের নির্বাচিত কিছু ছোটোগল্প পাঠের মাধ্যমে ছাত্রছাত্রীদের ভাষাগত পরিবর্তন, সামাজিক পরিবর্তন ও জীবনদর্শন সম্পর্কে বোধ গড়ে উঠবে।

Course Code: **BNGPGCCT09**

Course Title: **রবীন্দ্রজীবন ও সাহিত্য**

রবীন্দ্রনাথ বাংলা সাহিত্যের এক অনন্য বহুমুখী প্রতিভা। তাঁর সাহিত্য শুধু নয়, তাঁর জীবনও শিক্ষণীয় বিষয়। এই কোর্সে শিক্ষার্থীরা তাঁর জীবনের সাপেক্ষে তাঁর কবিতা, নাটক, উপন্যাস, প্রবন্ধ, ছোটোগল্পের বিপুল সম্ভার থেকে নির্বাচিত কিছু রচনা পাঠ করবে প্রেক্ষাপট-সহ। তাঁর চিন্তনের ঐশ্বর্য এবং প্রকরণগত নবনিরীক্ষা সম্পর্কেও শিক্ষার্থীরা ধারণা লাভ করবে।

Course Code: **BGPGCCT10**

Course Title: **ভাষাবিজ্ঞান-১**

সাহিত্য ও ভাষাবিজ্ঞানের সম্পর্ক পারস্পরিক। এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা এককালিক, ঐতিহাসিক, তুলনামূলক ভাষাবিজ্ঞান সম্পর্কে অবগত হবে। পৃথিবীর ভাষাবংশগুলি সম্পর্কে ধারণা-সহ বাংলা ভাষার উৎস ও ক্রমবিবর্তন সম্পর্কে জানতে সক্ষম হবে। এছাড়াও বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব ও রূপতত্ত্ব সম্পর্কে জ্ঞানার্জন করতে পারবে।

## 3rd Semester

Course Code: **BNGPGCCT11**

Course Title: **ভাষাবিজ্ঞান-২**

এই কোর্সে ছাত্রছাত্রীরা বাক্যতত্ত্বের বিশ্লেষণী পাঠ লাভ করতে পারবে। পদগুচ্ছের সংগঠনসূত্র, সংবর্তন সূত্র ও সঞ্জননী ব্যাকরণও হয়ে উঠবে অধ্যয়নের বিষয়। এছাড়া ভাষাবৈচিত্র্য সম্পর্কে ব্যবহারিক ও তাত্ত্বিক জ্ঞান অর্জিত হবে। ভাষা ও শৈলীর সম্পর্ক এবং ভাষা ও মস্তিষ্ক, ভাষা আয়ত্তকরণ তত্ত্ব, ভাষাপ্রয়োগ সমস্যা, অভিধানবিজ্ঞান, পরিভাষা ইত্যাদি সূক্ষাতিসূক্ষ্ম বিষয় অধীত হবে।

Course Code: **BNGPGCCT12**

Course Title: **সাহিত্যতত্ত্ব**

সাহিত্য ও সাহিত্যতত্ত্ব অঙ্গাঙ্গী সম্পর্কযুক্ত। সাহিত্যতত্ত্বকে বলা যেতে পারে সাহিত্যের দর্শন অংশ। এই কোর্সে ভারতীয় কাব্যতত্ত্বের ঐতিহ্যশালী তাত্ত্বিক দৃষ্টিভঙ্গির সঙ্গে পরিচিত হবে শিক্ষার্থীরা। পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের প্রসিদ্ধ গ্রন্থ অ্যারিস্টটল-এর 'পোয়েটিকস্' সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে এবং প্রাচ্য ও পাশ্চাত্য কাব্যতত্ত্বের সাদৃশ্য ও বৈসাদৃশ্যের দিকগুলিও বুঝতে পারবে। দেশ-বিদেশের আধুনিক সাহিত্যতত্ত্ব এবং সাহিত্য-আন্দোলন ও সাহিত্য সমালোচনা সম্পর্কেও তাদের সূক্ষ্মবোধ গড়ে উঠবে।

4th Semester

Course Code: **BNGPGCCT13**

Course Title: **লোকসাহিত্য ও অ-বাংলা ভাষার সাহিত্য**

লিখিত সাহিত্যের পাশাপাশি লোকসংস্কৃতি, লোকসাহিত্য ও মৌখিক পরম্পরা আমাদের সাহিত্য-সংস্কৃতির আদিবিন্দু। এখানে শিক্ষার্থীরা লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের তাত্ত্বিক ও প্রায়োগিক দিক সম্পর্কে জ্ঞানলাভ করবে।

বাংলা সাহিত্য তার পারিপার্শ্বিক অপরাপর ভাষার থেকে বিচ্ছিন্ন নয়। এই কোর্সের অপর অংশে শিক্ষার্থীরা বাংলা ভিন্ন অন্যান্য আধুনিক ভারতীয় ভাষার কবিতা, নাটক, উপন্যাস, ছোটোগল্প সম্পর্কে অবগত হবে, কেননা বাংলা ভাষা ও সাহিত্যের সঙ্গে এই ভাষাগুলির সাহিত্যের নিবিড় যোগ এবং সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপটও অনেকক্ষেত্রে সদৃশ। ফলে এগুলি সম্পর্কে ন্যূনতম জ্ঞান আহৃত না হলে বাংলা সাহিত্যের পাঠ অসম্পূর্ণ।

**2. Discipline Specific Elective (DSE)**

**DSE-A**

**(মধ্যযুগের বাংলা সাহিত্য)**

3rd Semester

Course Code: **BNGPGDET01**

Course Title: **মধ্যযুগের বাংলা সাহিত্য : প্রবেশক**

এই কোর্সে ছাত্রছাত্রীরা মধ্যযুগের সময়সীমা, মৌখিক ও লিখিত সাহিত্য, ঐতিহাসিক ভূগোল, মধ্যযুগের সমাজ ও ইতিহাস সম্পর্কে নিবিড় পাঠ লাভ করবে। মধ্যযুগের ধর্মনির্ভর সাহিত্য সম্পর্কে মূলগত ধারণা তৈরি হবে। প্রাগাধুনিক বাংলা সাহিত্যের রীতি ও আঙ্গিক সম্পর্কে সচেতনতা তৈরি হবে। মধ্যযুগের ধর্মীয় স্থাপত্য, শিল্প-সংস্কৃতি, সংগীত, উপস্থাপনার রীতি ইত্যাদি সম্পর্কেও প্রত্যক্ষ জ্ঞান অর্জিত হবে।

Course Code: **BNGPGDET02**

Course Title: **মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ-১**

মধ্যযুগের বিভিন্ন সময় ও সাহিত্যশাখা থেকে নির্বাচিত টেক্সটগুলির নিবিড় পাঠের মাধ্যমে শিক্ষার্থী তৎকালীন আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় দৃষ্টিভঙ্গি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারবে। তার বিশ্লেষণাত্মক মনোভাব উৎসাহিত হবে। অনুবাদ-অনুসারী সাহিত্য, মঙ্গলকাব্য, বৈষ্ণব সাহিত্য, নাথসাহিত্য ইত্যাদি ধারা সম্পর্কে বিশেষজ্ঞতা অর্জন করবে ছাত্রছাত্রীরা।

4th Semester

Course Code: **BNGPGDET03**

Course Title: **পুথি পরিচয় ও অন্যান্য**

মুদ্রণ সংস্কৃতি আবির্ভাবের পূর্বে অর্থাৎ প্রাগাধুনিক সাহিত্যের সমস্তটাই ছিল পুথিকেন্দ্রিক। তাই পুথিপাঠ না শিখলে মধ্যযুগের সাহিত্যপাঠ অসম্পূর্ণ থাকে। এই কোর্সে শিক্ষার্থীরা জানবে পুথির উপকরণ, পুথির লিপি, তোলাপাঠ, পুথির চিহ্ন, পুষ্পিকা, লিপিকর, কালনির্ণয়, পুথি সংরক্ষণ ও পুথি সম্পাদনার রীতিপদ্ধতি। এছাড়া তারা হাতেকলমে শিখবে পুথিপাঠ। সাহিত্যের ইতিহাস শুধু নয়, প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস লিখন চর্চা এবং প্রাগাধুনিক বাংলা সাহিত্য সমালোচনা ও গবেষণার ধারা সম্পর্কেও তারা অবগত হতে পারবে।

Course Code: **BNGPGDET04**

Course Title: **মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ-২**

রোমান্টিক প্রণয়োপাখ্যান, ইসলামি সাহিত্য, পুথিসাহিত্য ও সংস্কৃতি সমন্বয়জাত কাব্যের নির্বাচিত পাঠের মাধ্যমে শিক্ষার্থী তৎকালীন আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় দৃষ্টিভঙ্গি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারবে।

**DSE-B**

**(কথাসাহিত্য)**

3rd Semester

Course Code: **BNGPGDET01**

Course Title: **কথাসাহিত্যের তত্ত্ব ও শৈলী**

উপন্যাসের উদ্ভব, আখ্যানতত্ত্ব, বিভিন্ন উপন্যাসতাত্ত্বিকদের মতবাদ সম্পর্কে তত্ত্বনির্ভর ধ্যানধারণা লব্ধ হবে। বাংলা ছোটোগল্পের তাত্ত্বিক পরিসর সম্পর্কে অভিমত গড়ে উঠবে। বিভিন্ন আধুনিক তত্ত্বের প্রেক্ষিতে কথাসাহিত্য বিশ্লেষণের বীক্ষা প্রাপ্ত হবে শিক্ষার্থীরা। উপন্যাস ও ছোটোগল্পের শৈলী বিচার করতেও সক্ষম হবে।

Course Code: **BNGPGDET02**

Course Title: **উপন্যাস পাঠ**

উনিশ শতক, স্বাধীনতা পূর্ববর্তীকাল, স্বাধীনতা পরবর্তীকালের উপন্যাস, সাম্প্রতিক কালের মাত্রায় নির্বাচিত চারটি উপন্যাস নিবিড় পাঠের মাধ্যমে বাংলা উপন্যাসের ক্রমবিবর্তনের রূপরেখাটি স্পষ্ট হবে। সমাজ-বিবর্তনের ইতিহাস সম্পর্কেও সচেতনতা গড়ে উঠবে।

4th Semester

Course Code: **BNGPGDET03**

Course Title: **গল্প পাঠ**

বিভিন্ন কালপর্বের পাঠের মাধ্যমে বাংলা গল্পের ক্রমবিবর্তনের রূপরেখাটি স্পষ্ট হবে। সমাজ-বিবর্তনের ইতিহাস সম্পর্কেও সচেতনতা গড়ে উঠবে। পাশাপাশি ছোটোগল্প, বড়গল্প, অণুগল্প এবং গল্পের অপরাপর ফর্মগুলি সম্পর্কেও বিশ্লেষণধর্মী ধারণা নির্মিত হবে।

Course Code: **BNGPGDET04**

**Course Title: জনপ্রিয় ও বাংলাদেশের কথাসাহিত্য**

বাংলা সাহিত্যের মূলধারায় জনপ্রিয় ধারার সাহিত্যের আধিক্যের তাত্ত্বিক কারণ অনুসন্ধান করতে সমর্থ হবে ছাত্রছাত্রীরা। কোর্সের অন্য অংশে পূর্ববঙ্গ ও বাংলাদেশের রাজনৈতিক-সাংস্কৃতিক পরিচয় প্রদান করে ওপার বঙ্গের নির্বাচিত উপন্যাস ও ছোটোগল্প পড়ানো হবে। এর ফলে শিক্ষার্থীরা ভিন্ন দেশের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক পটভূমিতে বাংলা সাহিত্যের আস্বাদ লাভ করতে সক্ষম হবে।

**DSE-C**

**(নাটক)**

3rd Semester

Course Code: **BNGPGDET01**

Course Title: **নাট্যতত্ত্ব ও নাট্যধারা**

প্রাচ্য ও পাশ্চাত্য নাট্যতত্ত্ব সম্পর্কে সম্যক ধারণা ও তুলনামূলক দৃষ্টিভঙ্গি উপলব্ধ হবে। উনিশ-বিশ শতকের সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক প্রেক্ষাপট বাংলা নাটককে কীভাবে নির্মাণ করেছে তা বুখতে পারবে ছাত্রছাত্রীরা। নাট্য আন্দোলন সম্পর্কেও বোধ তৈরি হবে।

**Course Code: BNGPGDET02**

**Course Title: নাটক পাঠ-১**

উনিশ শতক, বিশ শতকের সূচনালগ্ন, গণনাট্য-নবনাট্য যুগের নাটক ও গ্রুপ থিয়েটার যুগের নাটক আর্থ-সামাজিক রাজনৈতিক প্রেক্ষাপটে জ্ঞাত হবে। প্রত্যক্ষ শিল্প হিসেবে জনমানসে নাটকের প্রভাবের দিকটি সম্পর্কে তারা অবগত হবে। নাটকের আঙ্গিক পরিবর্তন, নাটকের ভাষা, নাটকে সংগীতের ব্যবহার সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাবে।

4th Semester

**Course Code: BNGPGDET03**

**Course Title: নাটক পাঠ-২**

এই কোর্সে নাটকের বিভিন্ন ফর্মের সঙ্গে পাঠগত পরিচয় ঘটবে ছাত্রছাত্রীদের। একাঙ্ক নাটক, অনুবাদ-অনুসারী নাটক, পথনাট্য, লোকনাট্য-যাত্রা প্রভৃতির নির্বাচিত পাঠ লাভ করবে তারা। একাঙ্ক নাটক ও ছোটোগল্পের সাদৃশ্যের দিকগুলি স্পষ্ট হবে। অনুবাদ-অনুসারী নাটকের মাধ্যমে ভিন্ন ভাষা ও সংস্কৃতির আত্তীকরণ ও প্রযোগ-সম্ভাবনা সম্পর্কে ধারণা জাগ্রত হবে। প্রসেনিয়াম থিয়েটার আর পথনাটকের আঙ্গিকগত পার্থক্য অনুমিত হবে। লোকঐতিহ্যের সংরক্ষণ সম্পর্কেও তারা যত্নশীল হয়ে উঠবে।

Course Code: **BNGPGDET04**

Course Title: **নাট্যব্যক্তিত্ব, নাট্যদর্শন ও বাংলাদেশের নাটক**

বাংলার প্রখ্যাত নাট্যব্যক্তিত্বদের নাট্যভাবনা ও নাট্যদর্শন সম্পর্কে জানতে পারবে ছাত্রছাত্রীরা। বাংলাদেশের নাটকের ধারা অনুধ্যান সহ বাংলাদেশের নির্বাচিত নাটক পাঠ করতে পারবে তারা। এতে একই ভাষায় ভিন্ন দেশগত পটভূমিতে নাটক নিয়ে সাম্প্রতিক পরীক্ষা-নিরীক্ষা সম্পর্কে তারা ওয়াকিবহাল হবে।

**DSE-D**

**(রবীন্দ্রনাথ : জীবন, দর্শন, সাহিত্য)**

3rd Semester

Course Code: **BNGPGDET01**

Course Title: **রবীন্দ্রজীবন ও সৃষ্টি**

রবীন্দ্রনাথের সাহিত্যজীবন সম্পর্কে বিস্তারিত ধারণা তৈরি হবে। রবীন্দ্রনাথের কর্মজীবনের রূপরেখা স্পষ্ট হয়ে উঠবে। রবীন্দ্রনাথের আত্মজীবনীমূলক রচনার মধ্য দিয়ে তাঁর জীবন ও সৃষ্টিকে সম্যকভাবে উপলব্ধি করা সম্ভব হবে। রবীন্দ্র-সাহিত্যের প্রকাশ সংক্রান্ত তথ্যাদি, রবীন্দ্র-রচনার পাণ্ডুলিপি ও পাঠান্তর সম্পর্কেও প্রত্যক্ষ ধারণা গড়ে উঠবে।

Course Code: **BNGPGDET02**

Course Title: **রবীন্দ্র-সাহিত্য পাঠ**

কবিতা, নাটক, উপন্যাস ও প্রবন্ধের নির্বাচিত পাঠের মাধ্যমে রবীন্দ্রসাহিত্য সম্পর্কে বিশদ জ্ঞান অর্জিত হবে। তাঁর মানবিক দৃষ্টিভঙ্গি ও সমকালীন প্রেক্ষাপটকে তার রচনার সঙ্গে অন্বিত করে দেখা সম্ভব হবে।

4th Semester

**Course Code: BNGPGDET03**

**Course Title: রবীন্দ্রনাথের চিন্তাজগৎ**

রবীন্দ্রনাথের ধর্ম ও দর্শনচিন্তা, জাতীয়তা-আন্তর্জাতিকতার ধারণা, স্বদেশ, সমাজ, সমবায় সম্পর্কে মত, ইতিহাস চিন্তা, শিক্ষাচিন্তা ও ভাষাচিন্তা সম্পর্কে গভীর জ্ঞান প্রাপ্ত হবে। রবীন্দ্র-মননে শিশু, নারী, পরিবেশ ও বিজ্ঞানভাবনা সম্পর্কে ধারণা গড়ে উঠবে।

Course Code: **BNGPGDET04**

Course Title: **রবীন্দ্র-সৃষ্টির নানাদিক**

সাহিত্য ছাড়া অন্যান্য বিভিন্ন শিল্পমাধ্যম, যেমন— গান, চিত্রকলা, গীতিনাট্য, নৃত্যনাট্য ইত্যাদিতে রবীন্দ্রপ্রতিভার স্বাক্ষর সম্পর্কে ধারণা গড়ে উঠবে। ভারতীয় ও বহির্ভারতীয় সংস্কৃতির সঙ্গে রবীন্দ্রনাথের যোগসূত্র স্পরিস্ফুট হবে। রবীন্দ্ররচনার অনুবাদ এবং রবীন্দ্র-সমালোচনা ও গবেষণার ধারা অধীত হবে।

**DSE-E**

**(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)**

3rd Semester

Course Code: **BNGPGDET01**

Course Title: **লোকসংস্কৃতি : প্রবেশক**

লোকসংস্কৃতি সংজ্ঞা, স্বরূপ, বৈশিষ্ট্য, পরিভাষা ইত্যাদি সংক্রান্ত জ্ঞান; লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের শ্রেণিকরণ; লোকসংস্কৃতির উৎস ও বিবর্তন; লোকসংস্কৃতির সঙ্গে সাংস্কৃতিক নৃতত্ত্ব, সমাজতত্ত্ব, প্রত্নতত্ত্ব, ভাষাতত্ত্ব, ইতিহাস, দর্শন প্রভৃতি অপরাপর বিদ্যার যোগসূত্র প্রতিভাত হবে এই কোর্সে।

Course Code: **BNGPGDET02**

Course Title: **লোকসংস্কৃতি চর্চার বিভিন্ন পদ্ধতি**

লোকসংস্কৃতি চর্চার জাতীয়তাবাদী পদ্ধতি, মার্কসীয় পদ্ধতি, তুলনামূলক পদ্ধতি, ঐতিহাসিক-ভৌগোলিক পদ্ধতি, টাইপ-মোটিফ-ইনডেক্স পদ্ধতি, রূপতাত্ত্বিক পদ্ধতি, নৃতাত্ত্বিক পদ্ধতি, মনোসমীক্ষণ পদ্ধতি প্রভৃতি সম্পর্কে ধারণা লব্ধ হবে।

4th Semester

Course Code: **BNGPGDET03**

Course Title: **লোকসাহিত্য পাঠ**

লোকসাহিত্য আমাদের জাতিসত্তার সঙ্গে জড়িত। এই কোর্সে লোকসাহিত্য ও মৌখিক পরম্পরার পাঠকৃতিমূলক পরিচয় ব্যক্ত হবে। ছড়া, ধাঁধা, প্রবাদ, কথা, লোকসংগীত সম্পর্কে জ্ঞান অর্জিত হবে।

Course Code: **BNGPGDET04**

Course Title: **লোকসংস্কৃতি চর্চা ও অন্যান্য**

লোকসংস্কৃতি চর্চা বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির অবদান সম্পর্কে ছাত্রছাত্রীরা জানতে পারবে। জনজাতির লোকায়ত সংস্কৃতি সম্পর্কে আগ্রহ তৈরি হবে। লোকসংস্কৃতির ক্ষেত্রসমীক্ষা বিষয়ে প্রশিক্ষিত হবে।

**DSE-F**

**(ভাষাবিজ্ঞান)**

3rd Semester

Course Code: **BNGPGDET01**

Course Title: **ভাষাবিজ্ঞান চর্চা : ভারতীয় প্রস্থান**

বেদপূর্ব যুগ ও বৈদিক যুগ, বৈয়াকরণ যুগ, ভারতীয় প্রস্থানের মধ্যযুগ (৭ম-১৭শ শতক) ও আধুনিক যুগ (১৮শ-২০শ শতক)-এর ভাষাবিজ্ঞান চর্চার ভারতীয় প্রস্থানগুলি সম্পর্কে ধারণা গড়ে উঠবে। আধুনিক বঙ্গদেশে ভাষাবিজ্ঞান চর্চা ও ব্যাকরণ চর্চার সম্পর্কে আগ্রহ সৃষ্টি হবে।

Course Code: **BNGPGDET02**

Course Title: **ভাষাবিজ্ঞানের তত্ত্ব ও প্রয়োগ**

ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব, বাংলা ভাষার রূপতত্ত্ব ও বাক্যতত্ত্ব, শব্দার্থতত্ত্ব সম্পর্কে বিশদ জ্ঞান ও বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গি অর্জিত হবে।

4th Semester

Course Code: **BNGPGDET03**

Course Title: **ভাষাবিজ্ঞান চর্চা : পাশ্চাত্য প্রস্থান**

গ্রিক প্রস্থান, রোম প্রস্থান, পাশ্চাত্য প্রস্থান মধ্যযুগ, পাশ্চাত্য প্রস্থান আধুনিক যুগ সম্পর্কে ধারণা গড়ে উঠবে। এককালিক/সমকালিক/বর্ণনামূলক, কালক্রমিক/ঐতিহাসিক ভাষার রীতি-পদ্ধতি সম্পর্কেও জানা সম্ভব হবে।

Course Code: **BNGPGDET04**

Course Title: **আধুনিক ভাষাবিজ্ঞান**

সমাজভাষাবিজ্ঞান, শৈলীবিজ্ঞান, মনোভাষাবিজ্ঞান, ভাষানীতি ও ভাষাপরিকল্পনা সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান অর্জিত হবে।

**3. Project and Dissertation**

4th Semester

Course Code: **BGPGPRJ01**

Course Title: **গবেষণা অভিসন্দর্ভ**

এই কোর্সটিতে স্নাতকোত্তর স্তরের ছাত্রছাত্রীরা মৌলিক গবেষণার উদ্দেশ্য ও তাৎপর্য, গবেষণার বিভিন্ন রীতিপদ্ধতি, সামগ্রিক কর্ম-পরিকল্পনা, গবেষণাপত্র নির্মাণ, গ্রন্থপঞ্জি নির্মাণ ইত্যাদি সম্পর্কে হাতে-কলমে শিক্ষা লাভ করতে পারবে। রিসার্চ মেথোডলজি সম্পর্কে তাদের ধারণা গড়ে উঠবে ও তার প্রায়োগিক দিক হিসেবে প্রত্যেক শিক্ষার্থী তাদের আগ্রহের কোনো বিষয় অবলম্বনে ক্ষুদ্র গবেষণা অভিসন্দর্ভ রচনা ও উপস্থাপন করবে। এর মাধ্যমে তাদের গবেষণামূলক মনোভাব উৎসাহিত হবে এবং উপস্থাপন পর্বে প্রশ্নোত্তরে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তাদের সংযোগক্ষমতা অনুশীলিত হবে।

**4. Generic Elective (GE)**

3rd Semester

Course Code: **BNGPGGEC01**

Course Title: **বাঙলার সমাজ, সংস্কৃতি, ভাষা ও সাহিত্য**

বাঙলার সমাজ, সংস্কৃতি, ভাষা ও সাহিত্য সম্পর্কে বোধমূলক ও বিশ্লেষণাত্মক জ্ঞান অর্জিত হবে।

4th Semester

Course Code: **BNGPGGEC02**

Course Title: **ইতিহাসের প্রেক্ষাপটে সাহিত্য**

প্রাগাধুনিক পর্বে বাঙালি জাতি-সংস্কৃতির ইতিহাস অথবা যুগসন্ধির পটভূমিতে নির্বাচিত উপন্যাসের মাধ্যমে সাহিত্যের ঐতিহাসিক-সাংস্কৃতিক পটভূমি সম্পর্কে ধারণা গড়ে উঠবে। উনিশ শতকের সাহিত্য-সংস্কৃতি সম্পর্কে ছাত্ররা অবগত হবে নাটক পাঠের মাধ্যমে। বিশ শতকের প্রথমার্ধে দুই বিশ্বযুদ্ধ, মন্বন্তর, দেশভাগের পটভূমিকায় বাংলা কবিতার আস্বাদ লাভ করবে শিক্ষার্থীরা। স্বাধীনতা-উত্তরকালে জরুরি অবস্থা, নকশালবাড়ি আন্দোলনের সাহিত্যে অভিঘাত সম্পর্কেও তারা জানতে পারবে নির্বাচিত গল্পপাঠের মাধ্যমে।

## Programme Outcomes (PO)

বাংলা বিষয়ে দুই বছরের স্নাতক পাঠক্রম সি. বি. সি. এস. পদ্ধতিতে পাঠগ্রহণ করার পর শিক্ষার্থীরা নিম্নলিখিত জ্ঞানমূলক/ দক্ষতামূলক যোগ্যতা অর্জন করতে সমর্থ হবে—

**PO1:** একজন সচেতন শিক্ষার্থী বাংলা ভাষা ও সাহিত্যের কালানুক্রমিক, বিষয়ভিত্তিক ও বিশ্লেষণাত্মক পাঠ লাভ কারার পর চিন্তাশক্তি ও সৃজনশীলতা উভয় দিক থেকে ঋদ্ধ হয়ে উঠবে।

**PO2:** শিক্ষার্থীর বাস্তববোধ, সামাজিক সংযোগক্ষমতা ও বৌদ্ধিক বিকাশ পরিপূর্ণ হবে।

**PO3:** বাংলা সাহিত্যকে রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক মাত্রায় সংযুক্ত করে বিচার করার প্রবণতা তৈরি হবে। এর ফলে শিক্ষার্থীর সাহিত্যবোধে গভীরতা সৃষ্টি হবে।

**PO4:** বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গিতে সাহিত্যপাঠ শিক্ষার্থীদের নীতি-নৈতিকতা-মূল্যবোধে পাঠদান করে প্রকারান্তরে রাষ্ট্র গঠনে সুনাগরিক হওয়ার মানসিকতায় উদ্বুদ্ধ করবে।

**PO5:** ক্ষেত্রসমীক্ষা শিক্ষার্থীদের পক্ষে ব্যবহারিক ও অনুশীলনমুখী হয়ে উঠবে।

**PO6:** মৌলিক ও সুনির্দিষ্ট বিষয়কে অবলম্বনে গবেষণার প্রতি আগ্রহ গড়ে উঠবে।

**PO7:** এই পাঠক্রম শিক্ষার্থীদের অপরাপর ভাষা ও সংস্কৃতির সাহিত্যের প্রতি আগ্রহী করে তুলবে। ফলে ব্যাপক অর্থে তাদের পাঠ পরিসর বৃদ্ধি পাবে ও চিন্তাচেতনার ব্যাপ্তি ঘটবে।

## Programme Specific Outcomes (PSO)

সি. বি. সি. এস. পদ্ধতিতে বাংলা বিষয়ে দুই বছরের স্নাতকোত্তর পাঠক্রম শিক্ষার্থীদের বাংলা ভাষা ও সাহিত্যকে নিবিড়ভাবে অনুধাবন করতে সাহায্য করবে। বাংলা ভাষা ও সাহিত্যের কালগত পরিবর্তন, সমাজ-সংস্কৃতির পালাবদল, সাহিত্য ও সমাজের পারস্পরিক প্রভাব, বহিরাগত ভাবধারার আপতন এবং অপরাপর সংস্কৃতিতে বাংলা সাহিত্যের প্রভাব, বিষয়-আঙ্গিক-তাত্ত্বিক নানাদিক শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গিতে আনবে পরিণতমনস্কতা। স্নাতকোত্তর পাঠক্রম শিক্ষার্থীকে বিভিন্ন সম্ভাবনার দ্বারপ্রান্তে উপনীত করবে, যেমন—

**PSO1:** গবেষণামূলক কাজে ছাত্রছাত্রীরা উৎসাহিত হবে।

**PSO2:** বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন গবেষণাকেন্দ্রে কর্মনিযুক্তির সম্ভাবনা গড়ে উঠবে।

**PSO3:** বাংলা ছাড়াও তুলনামূলক সাহিত্য, গ্রন্থাগার বিজ্ঞান, শিক্ষাবিজ্ঞান, সাংবাদিকতা ও গণজ্ঞাপন, মানবীবিদ্যা, চলচ্চিত্রবিদ্যা প্রভৃতি আন্তঃসম্পর্কীয় বিষয়ে শিক্ষা ও গবেষণার সম্ভাবনা তৈরি হবে।

**PSO4:** সরকারি ও বেসরকারি নানান সংস্থার মাধ্যমে অথবা ব্যক্তিগত উদ্যোগে উন্নয়নমূলক সামাজিক কর্মসূচিতে অংশগ্রহণের সম্ভাবনা থাকবে।

**PSO5:** প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, প্রকাশনা সংস্থায় কাজের সুযোগ গড়ে উঠবে।